

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-১২৪

তারিখঃ ১৯/০৮/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ আইটি খারা-১৪(১)(বি) এর বিষয়ে ব্যাখ্যা প্রদান।


সূত্রঃ পত্র নং-বিএলজেএমএ-১৮/১৭২; তারিখঃ ২৯/০৭/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, একই ধরনের পণ্য সরবরাহে দরপত্রদাতার অতীত অভিজ্ঞতা থাকার শর্ত হিসেবে আদর্শ দরপত্র দলিল, PG-3 এর Section 1 (Instructions to Tenderer: ITT) এর Clause 14.1(b) তে দরপত্রদাতার Specific experience সংক্রান্ত নির্দেশনা অন্তর্ভুক্ত আছে। এই সংস্থানের মাধ্যমে দরপত্রদাতার সংশ্লিষ্ট সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতা/সরবরাহে সামর্থ্য নিরূপিত হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী ক্রয়কারী দরপত্র দাতা কর্তৃক বিগত নির্দিষ্ট বছরসমূহে সম্পাদিত নির্দিষ্ট সংখ্যক চুক্তির আওতায় নির্দিষ্ট আর্থিক মূল্যের পণ্য (আস্থানকৃত দরপত্রের আওতায় ক্রয়তব্য পণ্যের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের ৭০%-১০০%) সরবরাহের অভিজ্ঞতার শর্ত আরোপ করতে পারে, যা Tender Data Sheet (TDS) এর 14.1(b) Clause-এ উল্লেখ করতে হয়। এ ক্ষেত্রে দরপত্রদাতা কর্তৃক অতীতে সরবরাহকৃত পণ্যের আর্থিক মূল্য বর্তমান দরপত্রের অধীন ক্রয়তব্য পণ্যের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের ৭০% হতে ১০০% এর মধ্যে নির্ধারণের যে সংস্থান রয়েছে তা প্রতিটি একক চুক্তির অধীনে হতে হবে অর্থাৎ উক্ত আর্থিক মূল্য দরপত্রদাতা কর্তৃক সম্পাদিত একাধিক চুক্তির আওতায় সরবরাহকৃত পণ্যের আর্থিক মূল্যের সামষ্টিক যোগফল হবে না।

০২। এখানে উল্লেখ্য, পিপিআর, ২০০৮ এর বিধি-১৬(৫ক) ও ১৬(৫খ) অনুযায়ী একজন ক্রয়কারীকে দরপত্র দলিল চূড়ান্তকরণের পূর্বে ক্রয়তব্য পণ্যের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় চূড়ান্ত করতে হয় যা গোপনীয় দলিল। আদর্শ দরপত্র দলিলের Tender Data Sheet (TDS) অংশে উক্ত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের ওপর ভিত্তি করে ক্রয়কারীকে Specific Experience, Liquid Asset, Production Capacity ইত্যাদি নির্ধারণ করতে হয় যা আদর্শ দরপত্র দলিলের সংস্থান অনুযায়ী ক্রয়কারীর জন্য একটি পরামর্শমূলক নির্দেশনা। সকল ধরনের ক্রয়ের ক্ষেত্রে সম্ভাব্য প্রতিযোগিতার সুযোগ, বাজার পরিস্থিতি, দরপত্রদাতাদের ব্যাপক অংশের সক্ষমতা/সামর্থ্য ইত্যাদি বিবেচনায় Tender Data Sheet (TDS) এর নির্দেশনার আলোকে Qualification Criteria নির্ধারণ করা ক্রয়কারীর এখতিয়ার।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

জনাব মোঃ আমিরুজ্জামান
মহাসচিব
বিএলজেএমএ
মাহবুব ম্যানশন (৪র্থ তলা), ৭১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।


(মোসাঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।